# ECHO OF HIS CALL

# আহ্বানের প্রতিধ্বনি

BENGALI

ECHO OF HIS CALL 1969-2019 GOLDEN JUBILEE

India's National Spiritual Newspaper

₹ 10/-

Published monthly in ENGLISH, TAMIL, MALAYALAM, TELUGU, HINDI, KANNADA, MARATHI, BENGALI, GUJARATI, ODIYA, ASSAMESE, PUNJABI, NEPALI, URDU, SINHALA & AFRIKAN

Editor : S. SAM SELVA RAJ | 16 Languages | Associate Editor : Rev.Dr.Anjan Kumar Singh

Vol. XXIV | YEAR OF OUR LORD JESUS CHRIST, MARCH 2022 | No. 01


## পবিত্র বাইবেল

অনুগ্রহ করে এই অংশটি মুখস্থ করুন

প্রভুর প্রশংসা হোক

গীত ৯৭:১-৯

১। সদাপ্রভু রাজত্ব করেন, পৃথিবী উল্লসিত হোক; সুদূর উপকূলবর্তী দেশ আনন্দিত হোক।

২। মেঘ ও ঘন অন্ধকার তাঁর চতুর্দিক ঘিরে রেখেছে, ধর্মশীলতা ও ন্যায়বিচার তাঁর সিংহাসনের ভিত্তি।

৩। আগুন তাঁর অগ্রগামী হয়, এবং চারিদিকে তাঁর বিপক্ষদের দগ্ধ করে।

৪। তাঁর বিদ্যুতের আলোতে পৃথিবী আলোকিত হয়, জগৎ এসব দেখে আর কম্পিত হয়।

৫। সদাপ্রভুর সম্মুখে, সমস্ত জগতের সদাপ্রভুর সম্মুখে পর্বতসকল মোমের মতো গলে যায়।

৬। আকাশমণ্ডল তাঁর ধার্মিকতা প্রচার করে, এবং সব লোকেরা তাঁর মহিমা দেখে।

৭। সকলে যারা প্রতিমার আরাধনা করে, যারা মূর্তিতে গর্ব করে, তারা লজ্জিত হয়; সকল দেবতাগণ, তোমরা সদাপ্রভুর আরাধনা করো।

৮। তোমার বিচার হে সদাপ্রভু, সিয়োন শোনে আর আনন্দিত হয়। আর যিহূদার সকল গ্রাম উল্লাসিত হয়।

৯। কারণ, হে সদাপ্রভু, তুমি সমস্ত জগতের উর্দ্ধে পরাৎপর;সব দেবতার উর্ধ্বে তুমি মহিমান্বিত।

## দ্রাক্ষালতা,ডুমুর এবং জলপাই গাছ

### The Vine, the Fig and the Olive!

*ব্রাদার এম. পলরাজ*



তামিলনাড়ুর লোকদের জীবনে যেমন ধান, নারকেল এবং কাঁচা কলার গাছ গুরুত্বপূর্ণ সেই ভাবে এই তিনটি গাছ ইস্রায়েলের লোকদের জীবনের সঙ্গে অঙ্গাঙ্গিভাবে জড়িত। ইস্রায়েল হচ্ছে পাহাড় এবং উপত্যকার দেশ, যা আকাশ থেকে বৃষ্টির জল পান করে। কিন্তু মিশর দেশটি সেরকম নয় যেখানে ইস্রায়েলীয়রা ৪৩০ বছর ক্রীতদাস হিসাবে বাস করেছিল। মিশরে ইস্রায়েলীয়রা তাদের বীজ বপন করেছিল এবং পা দিয়ে জল সেচন করে সবজির বাগান করেছিল! সেখানে দেশটি নীল নদীর জল দ্বারা সেচিত হতো! (দ্বি.বিবরণ ১১:১০,১১)।

উপরোক্ত তিনটি গাছ ইস্রায়েল দেশের প্রধান স্বাচ্ছন্দের বিষয়। এটি স্পষ্ট যে হবক্কূক পুস্তকে, ভাববাদী ঘোষণা করেছেন যে,"যদিও ডুমুর গাছে কুঁড়ি ধরবে না এবং আঙ্গুর লতায় কোনো আঙ্গুর ধরবে না, যদিও জলপাই গাছ ফলহীন হবে...তবুও আমি সদাপ্রভুতে আনন্দ করব, আমার ঈশ্বর উদ্ধারকর্তায় উল্লসিত হব" (হবক্কূক ৩:১৭,১৮)। তিনি ঘোষণা করেছিলেন যে, যে সমস্ত জিনিস প্রাণকে বাঁচিয়ে রাখে এবং দ্রাক্ষালতা, ডুমুর এবং জলপাই গাছের মতো দেশের অর্থনীতির মূল বিষয়গুলি উৎপন্ন নাও হয়, তথাপি তিনি সদাপ্রভুতে আনন্দ করবেন। এই উদ্ভিদ এবং বৃক্ষগুলি ইস্রায়েলের জীবনকে টিকিয়ে রাখে!

যীশু খ্রীষ্ট তাঁর পরিচর্যাকালে, মাঝে মধ্যেই তাঁর উপদেশে এই উদ্ভিদ বা গাছগুলির কথা বলতেন। যীশু বলেছিলেন, "**আমি দ্রাক্ষালতা তোমরা সব শাখা। যে আমার মধ্যে থাকে এবং আমি যার মধ্যে থাকি, সে প্রচুর ফলে ফলবান হবে; আমাকে ছাড়া তোমরা কিছুই করতে পারো না**" (যোহন ১৫:৫)। ইস্রায়েলের বিয়ে বাড়ীতে দ্রাক্ষারস ছিল একটি গুরুত্বপূর্ণ পদ, যা আমরা কান্না নগরের বিবাহ বাড়ীর ঘটনাটিতে দেখেছি, যেখানে যীশুর মা, যীশু এবং যীশুর শিষ্যরা আমন্ত্রিত হয়েছিলেন (যোহন ২:১,২)। মথি ২৪:৩২ পদে, যীশু ডুমুর গাছের বিষয় উল্লেখ করে বলেছিলেন যে যখনই এতে নতুন পাতা গজায় তখন এটি গ্রীষ্মকাল আসার একটি চিহ্ন। নোহ যখন দ্বিতীয়বার একটি পায়রাকে পাঠিয়েছিলেন, এটি একটি জলপাই গাছের টাটকা পাতা ঠোঁটে করে এনেছিল, এটি ছিল পৃথিবী থেকে জল সরে যাওয়ার ইঙ্গিত! (আদি ৮:১১)। নৈশভোজ সমাপ্ত করার পর, যীশু এবং তাঁর শিষ্যরা একটি ধর্মীয় সঙ্গীত গেয়েছিলেন এবং জলপাই পর্বতের উদ্দেশে রওনা দিয়েছিলেন (মার্ক ১৪:২৬)। সুতরাং, আঙ্গুর,ডুমুর এবং জলপাই গাছ ইস্রায়েলের লোকদের জীবন থেকে বিচ্ছিন্ন করা যায় না।

(ক্রমশঃ ৩ পৃষ্ঠায়)

# আহ্বানের প্রতিধ্বনি – (১৯৬৯-২০১৯ সুবর্ণ জয়ন্তী বর্ষ)



(ECHO GROUP)

## *from your dearly beloved brother...*

"...আর আমি তোমাকে দেশের সর্বোচ্চ স্থানে আরোহন করাব এবং তোমার পিতৃপুরুষ যাকোবের অধিকারের উৎসব করতে দেব" (যিশাইয় ৫৮:১৪)



**আমাদের মিশনের নীতি**

সমকালীন প্রজন্মের কাছে প্রাচীন এবং আদি প্রেরিতদের শিক্ষাগুলিকে লঘু না করে ব্যাখ্যা করা এবং শিক্ষা দেওয়াই হচ্ছে আমাদের লক্ষ্য।

**CHIEF EDITOR**
Angeline Selvakumari Henry, M.A., M.Ed.
**MANAGING EDITOR**
Pastor Alex Samson Sam, B.Th., M.Div.
**ADMINISTRATION**
Bro. N. Prakasam, M.A., General Manager
**EDITORIAL BOARD**
Sis. Jesy Veena Sam
Bro. M. Paulraj, M.A., B.Ed.
Sis. Serena Bevin, M.A., M.Phil., B.Ed.
**EDITOR, PUBLISHER & PRINTER**
Pastor S. SAM SELVA RAJ
Echo of His Call Printers
10, Mohammed Abdullah 2nd Street,
Chepauk, Chennai- 600 005, India.
Phone : (+ 91- 44) 2852 8282, 2852 9293, 2854 7766
Cell : (+91) 98410 71852, 95661 31858
**E.mail ID**
sam@echoofhiscall.org
biblecor@yahoo.co.in
**WEBSITES**
www.echoofhiscall.org
www.stpaulsmatriculation.com
**YOUTUBE CHANNEL**
Echo of His call

খ্রীষ্টে প্রিয় বন্ধুগণ,

আমাদের প্রভু এবং ত্রাণকর্তা যীশু খ্রীষ্টের অতুলনীয় নামে আপনাদের প্রেমপূর্ণ শুভেচ্ছা জানাই। আমি আশা করি যে আপনি এবং আপনার প্রিয় জনেরা ঈশ্বরের অনুগ্রহে ভালো আছেন। আমি এবং আমার সহকর্মীরা আপনাকে এবং আপনার প্রয়োজনগুলিকে প্রতিদিন অনুগ্রহ সিংহাসনের সামনে তুলে ধরি। আমরা জানি যে যেহেতু সারা পৃথিবীতে এক মহাবিপর্যয় চলছে সেহেতু আপনার বিশেষ সুরক্ষার প্রয়োজন আছে। সমস্ত দেশের লোকেরা এক মহাভয়ের মধ্যে জীবনযাপন করছে।

প্রতিদিন আমরা বিভিন্ন ভাইবোনেদের কাছ থেকে প্রার্থনার অনুরোধ পাই। পোস্টকার্ড, ফোনকল, পত্র, ইমেল ইত্যাদির মাধ্যমে আমাদের অফিস যে প্রার্থনার অনুরোধগুলি লাভ করে তার একটা অনুরোধকেও আমরা অবহেলা না করে আমরা প্রার্থনা করি।

সাধারণ ভয়ের কারণে এবং সারা পৃথিবী ব্যাপী ভাইরাল জ্বরের প্রাদুর্ভাবের কারণে, বিপুল সংখ্যক ঈশ্বরের দাসেরা এবং বিশ্বাসীরা তাদের আত্মিক বেগ হ্রাস করেছেন। আপনি কি তাদের মধ্যে একজন?

এটি ভালো নয়। আপনি আপনার জীবনে অতীতে যে সমস্ত অপূর্ব বিষয়গুলি ঘটেছিল সেই বিষয়গুলি চিন্তা করুন। আপনার প্রার্থনাহীনতার মাধ্যমে, মণ্ডলী এবং আপনার পালককে অবহেলা করার মাধ্যমে, আপনার দশমাংশ এবং চাঁদা দেওয়ার বিষয়ের মাধ্যমে আপনার সুরক্ষাকারী যীশু খ্রীষ্টকে দুঃখিত করতে পারেন অথবা তাঁর সঙ্গে বিশ্বাসঘাতকতা করতে পারেন। এখন সদাপ্রভু ঈশ্বর আপনার এই মানসিকতা থেকে উঠে আসার জন্য এবং এই অবস্থা থেকে সামনে অগ্রসর হওয়ার জন্য এই বাণীটির মাধ্যমে আপনাকে আন্দোলিত করতে পারেন।

যেহেতু ঈশ্বর এই জগতের বিনাশেরর হাত থেকে আপনার প্রাণ বাঁচিয়েছে সেহেতু কৃতজ্ঞ চিত্তে আপনার আত্মিক কার্যকলাপ শুরু করুন। নিশ্চিতভাবে তিনি আপনার সমস্ত প্রয়োজনগুলি পূরণ করবেন। তিনি আগামী দিনগুলিতেও ফলপ্রসূ জীবন যাপন করতে আপনাকে পথ দেখাবেন। আমরা আমাদের প্রার্থনাগুলির মাধ্যমে আপনাকে সাহায্য করছি।

এই সমস্ত ঘটনাগুলি আমাদের মনে করিয়ে দেয় যে জগতের বিচার করার জন্য প্রভু যীশু শীঘ্রই আসছে। আমাদের প্রত্যেককে বিচারের জন্য ঈশ্বরের সামনে দাঁড়াতে হবে। প্রভু যীশুর জন্য একটি বিশ্বস্ত জীবনযাপন করার জন্য আপনার জীবনকে প্রতিশ্রুতিবদ্ধ করুন। উত্তম ঈশ্বর আপনাকে প্রয়োজনীয় অনুগ্রহ দিন।

অনুগ্রহ করে আহ্বানের প্রতিধ্বনির জন্য অবিরত প্রার্থনা করুন। বাস্তবিক, আপনাদের প্রার্থনা এবং সাহায্যের জন্য এটাই উপযুক্ত সময়। আমাদের প্রিয় সহকর্মী ব্রাদার এম.পল.রাজ এবং পাস্টর এম.মুথুর দ্রুত আরোগ্যের জন্য আমরা আপনাদের কাছে বিশেষ প্রার্থনার জন্য একান্ত কামনা করছি।

**Our Ministries:** ECHO OF HIS CALL Monthly Magazines (16 languages) ✿ BIBLECOR - Postal Courses (3 languages) ✿ Online Courses ✿ Theological Correspondence Courses (2 languages) ✿ Church Planting ✿ Nehemiah Bible Colleges ✿ Gospel Printing Press ✿ Great Commission Partners ✿ St. Paul's Matriculation School ✿ Crusades ✿ Community Development

বর্তমানে আমাদের চার্চগুলি,বিদ্যালয়,আবাসিক বাইবেল কলেজ শুরু হতে চলেছে। অনুগ্রহ করে ভাইরাস ঘটিত জ্বর উচ্ছিন্ন হওয়ার জন্য এবং পৃথিবীর সমস্ত দেশগুলির লোকদের পুনরুদ্ধারের জন্য প্রার্থনা করুন।

আপনি যদি সময় পান তাহলে, আমাদের কাছ থেকে নতুন সংবাদগুলি পাওয়ার জন্য আমাদের তাঁর আহ্বানের প্রতিধ্বনি ইউ টিউব চ্যানেলটি দেখতে পারেন। আমরা আপনাদের অনেক ভালোবাসি এবং আপনাদের মঙ্গলের বিষয় আমরা আগ্রহী।

ঈশ্বর আপনাদের আপনাদের আশীর্বাদ করুন।

যীশু খ্রীষ্টে আপনাদের ভাই,


পাস্টর এস. স্যাম সেলভা রাজ এবং অ্যালেকস স্যামসন স্যাম।

(+91) 98412 71858 / 98410 71858

E.mail : samselvaraj333@gmail.com


(ক্রমশঃ ১ম পৃষ্ঠার পর থেকে)

## দ্রাক্ষালতা

তুমি মিশর দেশ থেকে এক দ্রাক্ষালতা
নিয়ে এসেছ;
অইহুদীদের দূর করে তুমি তা পুঁতেছো।
তুমি তার জন্য জমি পরিষ্কার করেছ,
আর তার শিকড় বেরিয়ে দেশ ছেয়ে গেল।
তার ছায়ায় পর্বতসকল
তার ডালপালায় সর্বোচ্চ দেবদারু-বন ঢাকা পড়ল।
সমুদ্র পর্যন্ত তার শাখাপ্রশাখা,
আর নদী পর্যন্ত তার কাণ্ড প্রসারিত হল।
কেনো তুমি তার প্রাচীর ভেঙে ফেলেছ
**যেন যেতে আসতে সব লোকেরা**
**তার আঙ্গুর ছেঁড়ে?**
**বন্য শূকর তা ছারখার করে,**
**আর মাঠের কীটপতঙ্গ সেখান থেকে**
**খাবার সংগ্রহ করে।**
**হে বাহিনীগণের সদাপ্রভু,**
**আমাদের কাছে ফিরে এসো!**
**স্বর্গ থেকে চেয়ে দেখো!**
**এই দ্রাক্ষালতার দিকে খেয়াল রাখো,**
**তোমার ডান হাত যার শিকড় বুনেছে,**
**এই পুত্রকে তুমি নিজের জন্য বড় করে তুলেছ।**
(গীত ৮০:৮-১৫)

এখানে সদাপ্রভু মিশর দেশ থেকে দ্রাক্ষালতা এনেছিলেন, জাতিগণকে মিশর থেকে নিয়ে এসেছিলেন এবং তাদেরকে কনানে স্থাপন করেছিলেন। সদাপ্রভু আশা করেছিলেন যে এটি উত্তম ফল দেবে। কিন্তু হায় এটি যন্ত্রণাদায়ক ফল দিয়েছিল! এর শিকড় ছিল অত্যন্ত গভীরে এবং এটি সারা দেশে পরিব্যাপ্ত হয়েছিল। এর প্রভাব বিভিন্ন দেশে ছড়িয়ে পড়েছিল এবং এর রাজত্ব ছিল সর্বশ্রেষ্ঠ। সুতরাং, সদাপ্রভু প্রাচীর ভেঙ্গে দিয়েছিলেন। সদাপ্রভু এর প্রাচীর ভেঙ্গে দেওয়ার ফলে লোকেরা এর মধ্যে দিয়ে এসে ফলগুলি ছিঁড়েছিল এবং ভল্লুক ও বন্যজন্তুরা এই দ্রাক্ষালতাগুলিকে উপড়ে ফেলেছিল। আসফ ভাববাদী সদাপ্রভুর কাছে এই ভগ্ন প্রাচীরগুলি দেখার জন্য এবং এটি পরিদর্শন করার জন্য সনির্বন্ধ অনুরোধ করেছিলেন।

সদাপ্রভুর দ্রাক্ষালতা হচ্ছে ইস্রায়েলের বাটী (যিশাইয় ৫:৭)। সদাপ্রভু মিশর দেশ থেকে তাঁর মনোনীত জাতিকে এনেছিলেন, যেখানে তারা মোশির নেতৃত্বাধীনে দাসত্ব করছিল। তিনি কনানীয়দের বিতাড়িত করেছিলেন এবং সেখানে তাঁর প্রজাদের রেখেছিলেন। তারা কনান দেশে বহুগুণ বৃদ্ধি পেয়েছিল এবং দাউদের নের্তৃত্বে একটি শক্তিশালী জাতিতে পরিণত হয়েছিল। তিনি তাঁর শত্রুদের পরাজিত করেছিলেন এবং তাদেরকে কর দিতে বাধ্য করেছিলেন। এর নাম ছিল সুদূর প্রসারী এবং বিভিন্ন জাতিগণের নেতাদের মধ্যে বিস্তার লাভ করেছিল। কিন্তু এমনকি শলোমন রাজার রাজত্বের সময়ে জাতিটির পতন শুরু হয়েছিল যেহেতু তিনি তাঁর বিদেশী স্ত্রীদের কারণে বিদেশী দেবতাদের আরাধনা করছিলেন। তাঁর পুত্র যখন ইস্রায়েল এবং যিহূদায় রাজত্ব করছিল তখন দেশটি দুইভাগে বিভক্ত হয়েছিল।

ইস্রায়েলের লোকেরা শমরীয়াকে তাদের প্রধান কার্যালয় করেছিল এবং যিহূদার লোকেরা ইস্রায়েলকে তাদের প্রধান কার্যালয় করেছিল। ইস্রায়েলের প্রথম রাজা যারবিয়াম দুটি সোনার বাছুর তৈরী করেছিলেন এবং একটি দানে এবং আরেকটি বীরশেবাতে স্থাপন করেছিলেন। তিনি এই মূর্তি দুটিকেই তাদের প্রধান দেবতা বলে ঘোষণা করেছিলেন যারা তাদের মিশর দেশ থেকে নিয়ে এসেছিল, এইভাবে তারা ফরৌণের হাত থেকে তাদের উদ্ধারকারী বাহিনীগণের সদাপ্রভুকে প্রত্যাখ্যান করেছিলেন। যদিও তারা সদাপ্রভুর মনোনীত মোশি এবং যিহোশূয়ের দ্বারা পরিচালিত হয়েছিলেন, প্রকৃতপক্ষে সদাপ্রভুই তাদের পরিচালিত করেছিলেন, তিনি সমস্ত রাজাদের সেখান থেকে বিতাড়িত করে তাদের কনান দেশে রেখেছিলেন। একটা সময় তারা সর্বশক্তিমাম ঈশ্বরকে প্রত্যাখ্যান করেছিল এবং পরজাতীয়দের দেবতাদের সাগ্রহে গ্রহণ করেছিল। তারা প্রায় সমস্ত গাছের নীচে এবং উচ্চস্থলীগুলিতে প্রতিমাগুলি স্থাপন করেছিল এবং তাদের দেবতারূপে আরাধনা করেছিল।

এই বিশ্বাসঘাতকতার বিষয়ে, ইস্রায়েল যিহূদার থেকে আগে ছিল! সদাপ্রভু তাদের বিদেশী রাজাদের কাছে বিক্রি করে দিয়েছিলেন! ৭২২ খ্রীষ্ট পূর্বাব্দে ইহুদীরা আসিরিয়দের দ্বারা নীত হয়েছিল এবং যিহূদার লোকেরা বাবিলনীয়দের দ্বারা নীত হয়েছিল ৫৮৬ খ্রীষ্ট পূর্বাব্দে। তারা সর্বশক্তিমান ঈশ্বরকে


**Statement about ownership and other particulars about the Newspaper Echo of His Call (Bengali) - Form IV**
**(See Rule 8)**

| | | |
|---|---|---|
| 1. Place of Publication | : | **New No. 8 & 10, Old No. 18 & 19, Mohammed Abdullah Sahib 2nd Street, Chepauk, Chennai - 600 005.** |
| 2. Periodicity | : | **Monthly** |
| 3. Printer, Editor, Owner & Publisher | : | **S. Sam Selva Raj** (Same Address) |
| 4. Nationality | : | **Indian** |

I **S. Sam Selva Raj**, hereby that the particulars given above are true to the best of my knowledge and belief.

**March 2022** **S. Sam Selva Raj.**

প্রত্যাখ্যান করেছিল বলে এবং বিদেশী দেবতাদের অনুসরণ করেছিল বলে এই বিষয়গুলি ঘটেছিল। এই জাতির অবস্থা দেখে আসফ ভাববাদী বিলাপ করেছিলেন যেহেতু তারা ধ্বংসাবশেষের উপর বসেছিল কারণ তাদের এই বিশ্বাসঘাতকতার জন্য সদাপ্রভু প্রহরা সরিয়ে নিয়েছিলেন।

প্রত্যাশা করা হয়েছিল যে দ্রাক্ষালতা ভালো ফল দেবে কিন্তু তা মন্দ ফল দিয়েছিল !, এবং এটি নিজের বিনাশ ডেকে এনেছিল।

এমনকি আজকের দিনেও লোকেরা যীশুর রক্তের মাধ্যমে ঈশ্বরের পালের মধ্যে আসে, কিছু সময় উজ্বল হয়ে জ্বলতে থাকে এবং ঈশ্বরের পাল থেকে বেরিয়ে যায় এবং শয়তানের সঙ্গ উপভোগ করে। তারা নিজেরা উপভোগ করে যে শয়তান তাদেরকে বিনাশের পথে চালিত করে যেহেতু সে একটা চোরের মতো চুরি করতে, হত্যা করতে এবং বিনাশ করতে আসে (যোহন ১০:১০)। শয়তানের সমস্ত চাতুরীর থেকে নিজেদের রক্ষা করার জন্য সতর্ক থাকতে হবে যাতে আমরাও আমাদের পূর্বপুরুষদের মতো দুর্ভাগ্যের শিকার না হই।

দ্রাক্ষালতা হচ্ছে একটি ভালোবাসার এবং পছন্দের যোগ্য গাছ যা ফল উৎপন্ন করে। এটি ঋতুনির্ভর উদ্ভিদ। কৃষকেরা অসংখ্য পরিশ্রম করে ভূমি প্রস্তুত করে, এটি খনন করে এবং এর মাটির সঙ্গে সার মিশ্রিত করে। যখন গাছ বড় হয় তখন এটিকে 'মাচার' উপর তুলে দেওয়া হয়। যে শাখাগুলিতে ফল হয় না সেগুলি ছেঁটে দেওয়া হয় এবং যে ডালগুলিতে ফল ধরে সেগুলিকে বড় হতে দেওয়া হয়। কৃষকেরা সঠিকভাবে সেই ডালগুলিকে চিহ্নিত করে। যীশু বলেছিলেন,"আমিই প্রকৃত দ্রাক্ষালতা এবং আমার পিতা কৃষক। আমার সঙ্গে যুক্ত প্রত্যেকটি শাখায় ফল না ধরলে, তিনি তা কেটে ফেলেন, কিন্তু প্রত্যেকটি ফলন্ত শাখা তিনি পরিষ্কার করেন, যেন সেই শাখা আরও বেশি ফলধারণ করে" (যোহন ১৫:১,২)।

দ্রাক্ষালতার মতো, ভারতের বিভিন্ন অংশে পানপাতার চাষ দেখা যায়, বিশেষ করে তামিলনাড়ুতে। এটিও একটি দ্রাক্ষালতার মতো বড় হয়। আমার এক আত্মীয়ের পানের বাগান আছে। এর জন্য বিশেষ ধরণের বাগান মনোনীত করা হয় এবং প্রস্তুত করা হয়। জমির উপর থেকে ৪ থেকে ৫ ফুটের মতো মাটি সরিয়ে দিতে হয় এবং পরের স্তরের মাটিকে উত্তমরূপে খনন করে তার সঙ্গে অন্য জায়গা থেকে বিশেষ মাটি নিয়ে বালির সঙ্গে মিশাতে হয় এবং প্রায় ২-৩ ফুট ভর্তি করতে হয়। সঠিকভাবে যত্ন নিতে হয় যাতে অন্য গাছের শিকড়গুলো পান গাছের মধ্যে প্রবেশ করতে না পারে। এরপর সোজা খাত তৈরী করতে হয় এবং ভালো মাটি দিয়ে পূর্ণ করতে হয়, তারপর পান গাছের চারা (পান গাছের একটি অংশ) নির্দিষ্ট ব্যবধানে রোপণ করতে হয়। ভালোভাবে জলসেচন করতে হয় এবং জল যাতে জমে না থাকে তার জন্য অনেক যত্ন করতে হয়। চারা গাছগুলি পল্লবিত হয় এবং বৃদ্ধি হতে শুরু করে। বর্দ্ধনশীল লতাগাছটিকে একটি কাঠি পুঁতে বেঁধে দিয়ে উপরে উঠতে সাহায্য করতে হবে। কাঠিগুলি সাধারণত হালকা গাছের শাখা হয়ে থাকে যেমন, তুলা গাছ, সজনে গাছ এবং বুনো সজনে গাছ। তুলা গাছ যখন বড় হয় তখন ফল উৎপন্ন করে এবং সম্পূর্ণ পুষ্ট হয়ে গেলে শুকিয়ে যায় এবং ভেতরে তুলো থাকে। বালিশ এবং শয্যা তৈরী করার জন্য তুলো ব্যবহার করা হয়। সজনে গাছ পাতা এবং ফল দেয়। পাতাগুলি সবজি হিসাবে ব্যবহার হয় এবং কচি ফলগুলি (সজনে ডাঁটা) দিয়ে ঘরে এবং হোটেলে ভালো ভালো খাবার তৈরী হয়। বুনো সজনের পাতাগুলি দিয়ে সার তৈরী করা হয় এবং এর শক্ত কাণ্ড দিয়ে নৌকা এবং এর তক্তা দিয়ে ভেলা তৈরী করা হয়। এছাড়াও পাখীর খাবার তৈরী করার জন্যেও এই গাছের চাষ করা হয় যা আতিরিক্ত আয়ের একটি উৎস।

কচি পানপাতাকে বলা হয় বাণিজ্যিক মূল্যের জন্য উৎপাদিত শস্য। এগুলি ওষুধ তৈরীর উদ্দেশ্যে ব্যবহার করা হয়। লোকেরা এগুলি সুপারি এবং চুনের সঙ্গে চিবায়। সাধারণত বৃদ্ধেরা এটি অভ্যাস বা নেশা হিসাবেও ব্যবহার করে। কয়েক জন আবার এর দ্বারা নেশাগ্রস্ত বা আসক্ত হয়ে পড়ে! সর্বাধিক শুদ্ধতা বজায় রাখা হয়। পান বাগানে সমস্ত লোকদের বিশেষ করে মহিলাদের সব সময় প্রবেশ করতে দেওয়া হয় না।

## আঙ্গুর বাগানে ডুমুর গাছ

একবার যীশু একটি দ্রাক্ষাক্ষেত্রে একটি ডুমুর গাছ দেখেছিলেন। তিনি এর মধ্যে ফলের অন্বেষণ করেছিলেন। কিন্তু এর মধ্যে প্রচুর পরিমাণে পাতা ছিল। দ্রাক্ষাক্ষেত্রের মালিক তিন বছর ধরে ডুমুর গাছটি দেখে আসছিল, কিন্তু এর মধ্যে কোনও ফল ছিল না। বাগানের মালিক গাছটি কেটে ফেলতে বলেছিলেন কারণ এটি কোনও ফল ছাড়া অনেকটা জায়গা ব্যবহার করছিল।

*(ক্রমশঃ, ৬ পাতায়)*


# নহিমিয় বাইবেল কলেজ

সান্ধ্যকালীন / আবাসিক কলেজ

চীপক এবং সন্তোষপুরম

মাধ্যম: তামিল/ মাধ্যম: হিন্দী

ECHO OF HIS CALL 1969-2019 GOLDEN JUBILEE (ECHO GROUP)

ATA NEHEMIAH BIBLE COLLEGE CHENNAI

*Registered Candidate for Membership*

**Asia Theological Association (ATA)**

৫৩ বছর যাবৎ আন্তজার্তিক খ্রীষ্টিয় নেতৃবর্গ এবং বরিষ্ঠ পালকদের দ্বারা স্বীকৃত

**ঈশ্‌তত্ত্বে সার্টিফিকেট : এক বছর**

**ঈশ্‌তত্ত্বে ডিপ্লোমা : দুই বছর**

শিক্ষগত যোগ্যতা: দশম শ্রেণী এবং তদুর্ধ

ভর্ত্তির জন্য সত্বর যোগাযোগ করুন !

**Contact : The Chairman, Nehemiah Bible College.**

**10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK, CHENNAI - 600 005, INDIA.**

**Phone : (+91-44) 2852 8282, Cell : (+91) 98410 71852 / 95661 31858**

E.mail : sam@echoofhiscall.org / Website : www.echoofhiscall.org

⋆ ONLINE CLASSES ARE AVAILABLE ⋆

GREAT COMMISSION PARTNERS
ECHO OF HIS CALL MINISTRIES
SINCE 1969

# মহান আদেশ অংশীদারগণ

## ভারবহন করা (গালা ৬:২), সাহায্য করা (রোমীয় ১২:১৩), এবং উদ্দীপিত হওয়ার জন্য (২ তীমথিয় ১:৬)

প্রার্থনার অনুরোধসমূহ (১৯শে মার্চ থেকে ১৮ই এপ্রিল , ২০২২)

(অনুগ্রহ করে এই পৃষ্ঠাটা বের করে নিয়ে আপনার বাইবেলের মধ্যে রাখুন এবং প্রতিদিন প্রার্থনা করুন)



## প্রশংসার বিষয়সমূহ

**মার্চ ১৯ :** আমাদের সহযোগী সম্পাদক ব্রাদার এম.পলরাজের এবং আমাদের নহিমিয় বাইবেল কলেজের চেয়ারম্যান, পাস্টর এম.মুথুর স্বাস্থ্যের যত্ন নেওয়ার জন্য প্রভুর প্রশংসা করি।

**দিন ২০:**আমাদের বাইবেলকোর এবং ঈশ্‌তাত্ত্বিক ডাকযোগে পাঠক্রমগুলিকে আশিবর্বাদ করার জন্য ঈশ্বরের প্রশংসা হোক।

**দিন ২১:** ১৯৬৯ সাল থেকে পত্রিকা পরিষেবার প্রতি অঙ্গীকারবদ্ধতাকে আশীবর্বাদ করার জন্য আমরা ঈশ্বরকে ধন্যবাদ দিই।

**দিন ২২:** তাঁর আহ্বানের প্রতিধ্বনি পত্রিকার সহযোগী সম্পাদকদের এবং তাদের পরিবারগুলির জন্য ঈশ্বরের প্রশংসা করি।

**দিন ২৩:** আমাদের **পত্রিকা পরিচর্যার মাধ্যমে সুসমাচার অপ্রসারিত এলাকাগুলিতে সুসমাচার সম্প্রসারিত করার কাজে আমাদের আশীর্ব্বাদ করার জন্য প্রভুর প্রশংসা হোক।**

**দিন ২৪:** আমাদের বহুমুখী পরিচর্যাগুলির মাধ্যমে সুসমাচার সম্প্রসারিত করার বিষয়ে আমাদের সিনিয়ার পাস্টরকে অঙ্গীকারবদ্ধ করার জন্য ঈশ্বরকে ধন্যবাদ দিই।

**দিন ২৫:** আমাদের **আহ্বানের প্রতিধ্বনি পত্রিকার** সহযোগী সম্পাদকদের এবং তাদের পরিবারগুলির জন্য ঈশ্বরের প্রশংসা করি।

**দিন ২৬:** আমাদের **নহিমিয় বাইবেল কলেজগুলিকে** আশীবর্বাদ করার জন্য ঈশ্বরের প্রশংসা করি।

**দিন ২৭:** আমাদের সেণ্টপলস্ ম্যাট্রিকুলেশন স্কুলের প্রিন্সিপাল, শিক্ষকশিক্ষিকা এবং কর্মী সদস্যদের জন্য প্রভুর প্রশংসা হোক।

**দিন ২৮:** আমাদের গসপেল প্রিণ্টিং প্রেস এবং দক্ষ কর্মীদের দ্বারা এর অবিরত কাজের জন্য ঈশ্বরের প্রশংসা করি।

**দিন ২৯:** আমাদের গসপেল প্রিণ্টিং প্রেস এবং দক্ষ কর্মীদের দ্বারা এর অবিরত কাজের জন্য ঈশ্বরের প্রশংসা করি।

**দিন ৩০:** কোভিড-১৯ অতিমারীর সময় আমাদের আহ্বানের প্রতিধবনি পরিচর্যার কার্যকল্লাপগুলিকে আশীবর্বাদ করার জন্য ঈশ্বরের প্রশংসা করি।

**দিন ৩১:** আমাদের প্রার্থনার অংশীদার, বিশ্বাসের অংশীদার, আজীবন অংশীদার এবং মহান আদেশ অংশীদার এবং তাদের পরিবারের সদস্যদের জন্য ঈশ্বরের প্রশংসা হোক।

**এপ্রিল ০১:** আমাদের মণ্ডলীতে নতুন বিশ্বাসীদের অভিষিক্ত হওয়ার আশীর্বাদের জন্য ঈশ্বরের প্রশংসা করুন।

**এপ্রিল ০২:** আমাদের দেশকে সুরক্ষিত করার জন্য ঈশ্বরের প্রশংসা করুন।

**এপ্রিল ০৩:** আমাদের সিনিয়ার পাস্টর এস.স্যাম সেলভারাজ এবং তাঁর পরিবারকে সমস্ত মন্দ কর্তৃত্বের হাত থেকে রক্ষা করার জন্য ঈশ্বরের প্রশংসা হোক।

## প্রার্থনার অনুরোধসমূহ

**দিন ৪:** আমাদের ইংরাজী সহযোগী সম্পাদক এম.পলরাজের এবং আমাদের নহিমিয় বাইবেল কলেজের চেয়ারম্যান পাস্টর এম.মুথুর সম্পূর্ণ আরোগ্যের জন্য প্রার্থনা করুন।

**দিন ৫:** পৃথিবীর সমস্ত দেশগুলির মধ্যে শান্তি এবং ঐক্যের জন্য প্রার্থনা করুন।

**দিন ৬:** আমাদের সিনিয়ার পাস্টর যেন কোনও বাধা ছাড়াই তাঁর আত্মজীবনী লেখা শেষ করতে সক্ষম হন তার জন্য ঈশ্বরের প্রচুর আশীবর্বাদের জন্য প্রার্থনা করুন।

**দিন ৭:** আমাদের সংস্থার, কর্মীদের এবং তাদের পরিবারগুলির সুবিধার জন্য প্রার্থনা করুন।

**দিন ৮:** আমাদের অনলাইন হিন্দি থিওলজিকাল ক্লাসগুলির জন্য প্রার্থনা করুন।

**দিন ৯:** আমাদের নহিমিয় বাইবেল কলেজগুলির জন্য এবং এর সম্প্রসারণের জন্য প্রার্থনা করুন।

**দিন ১০:** পৃথিবী থেকে কোভিড-১৯ এবং ওমিক্রোম ভাইরাসের উচ্ছেদের জন্য ঈশ্বরের বিশেষ তত্ত্বাবধানের জন্য প্রার্থনা করুন।

**দিন ১১:** মাদকাসক্ত এবং মন্দ কার্যকারীদের সম্পূর্ণ সুস্থ জীবনের জন্য প্রার্থনা করুন।

**দিন ১২:** এ মাসে আমাদের সমস্ত আর্থিক এবং শারীরিক প্রয়োজনগুলি পূরণের জন্য ঈশ্বরের কাছে প্রার্থনা করুন।

**দিন ১৩:** ঈশ্বরের কাছে প্রার্থনা করুন যাতে আমাদের দেশ ঐক্যে এবং উন্নয়নে শক্তিশালী হয়।

**দিন ১৪:** আমাদের উত্তর ভারতের মিশনারীদের এবং তাদের পরোপকারের জন্য প্রার্থনা করুন।

**দিন ১৫:** সুসমাচার অপ্রসারিত এলাকাগুলিতে সুসমাচার সম্প্রসারিত করতে আমাদের সক্ষম করার জন্য প্রার্থনা করুন।

**দিন১৬:** সমস্ত ধর্মের মধ্যে ঐক্য রক্ষার জন্য প্রার্থনা করুন।

**দিন ১৭:** সমস্ত দিক থেকে এবং গুণগতভাবে আমাদের পরিচর্যাগুলিকে সম্প্রসারিত করার জন্য প্রার্থনা করুন।

**দিন ১৮:** কর্মীদের বেতন, পত্রিকা ছাপানো, ডাক মারফৎ পাঠানোর খরচ, এবং পরিচর্যা কাজের উদ্দেশ্যে যাতায়াতের খরচের মতো আমাদের আর্থিক প্রয়োজনগুলি মিটানোর জন্য ঈশ্বরের কাছে প্রার্থনা করুন।

(ক্রমশঃ, ৪র্থ পাতার পর)

কিন্তু বাগানের মালী তার মালিকের কাছে অনুরোধ করেছিল যে আরেকটি বছর গাছটিকে রেখে দিতে এবং এই সময়ে সে গাছের চারিদিকে গর্ত খুঁড়বে এবং সার দেবে।

যীশু ফল দানের গুরুত্বের বিষয় কথা বলছিলেন। তিনি এই বিষয়টি একটি দ্রাক্ষাক্ষেত্রে ডুমুর গাছের দৃষ্টান্তের দ্বারা বুঝিয়েছিলেন (লূক ১৩:৬-৯)। দ্রাক্ষাক্ষেত্রে ডুমুর গাছটিকে রোপণ করার বিষয়টিই ডুমুর গাছের জন্য অনেক বেশী ছিল। কিন্তু সেখানে এর অস্তিত্বের ন্যায্যতা প্রমাণ করার জন্য গাছটির ফল উৎপন্ন করা উচিৎ ছিল।

দ্রাক্ষাক্ষেত্রটি ইস্রায়েলের লোকদের প্রতিনিধিত্ব করে। ডুমুর গাছটি হচ্ছে পরজাতীয় যে ইস্রায়েলীয়দের খরচে মুদ্রা লাভ করেছিল। ঈশ্বর আশা করেছিলেন পরজাতীয়রা ফল উৎপন্ন করবে। প্রভুর ব্যবস্থা ছিল যে গাছে ফল হবে না তা কেটে ফেলা হবে এবং আগুনে নিক্ষেপ করা হবে (মথি ৩:১০)। সুতরাং, ডুমুর গাছটির তার অস্তিত্বের জন্য অবশ্যই ভালো ফল দেওয়া উচিৎ ছিল।

মালী, যীশু খ্রীষ্ট ডুমুর গাছটির জন্য আরও একটি বছর যাচ্ঞা করেছিলেন এবং ঐ সময়ের মধ্যে, তিনি আরও অধিক মনোযোগ দেবে, এটিতে সার দেবেন এবং অন্যান্য সহায়ক বিষয়গুলির ব্যবস্থা করবেন। এখানে গাছটির প্রতি বিশেষ যত্নের বিষয়টি পবিত্র আত্মায় পূর্ণ করার প্রতিনিধিত্ব করছে যা বিশ্বাসীদের আরও অধিক শক্তিশালী হতে এবং ফল বহন করতে সাহায্য করে। যীশু লোকদের বলছেন যে আরও অধিক ফল দানের জন্য তাঁর সঙ্গে যুক্ত থাকতে! (যোহন ১৫:৫)।

স্বর্গে সিংহাসনে উপবিষ্ট পিতা ঈশ্বর সূর্যের নীচে আমাদের প্রত্যেক ব্যক্তিকে নীরিক্ষণ করেন এবং তাঁর দৃষ্টি মনুষ্য সন্তানদের বিচার করে (গীত ১১:৪)। তিনি ধার্মিক বিচারক এবং তিনি ধার্মিকতায় জগতের এবং তাঁর সত্যে চালিত লোকদের বিচার করবেন।

এই জগতের বিচার করার জন্য তিনি আসছেন।

তিনি ধার্মিকতায় এই পৃথিবীর বিচার করবেন এবং

তাঁর সত্য অনুযায়ী সব মানুষের বিচার করবেন।

গীত ৯৬:১৩

ঈশ্বর অন্ধকার থেকে জগতের লোকদের (পরজাতীয়দের) বের করে আনার জন্য একটি বিশেষ পরিকল্পনা করেছেন। তিনি শয়তানকে মূল্য দেবার জন্য তাঁর একজাত পুত্র যীশু খ্রীষ্টকে পাঠিয়েছিলেন এবং তাদেরকে শয়তানের খপ্পর থেকে পুনরুদ্ধার করেছিলেন। যীশু তাঁর রক্ত সেচনের মাধ্যমে প্রত্যেকের জন্য এবং সকলের জন্য মূল্য পরিশোধ করেছিলেন। যদি কেউ ক্রুশের দিকে তাকায় এবং স্বীকার করে যে যীশু খ্রীষ্ট তার পরিত্রাণের জন্য ক্রুশের উপর মৃত্যুবরণ করেছিলেন, তাহলে তিনি তাদের ক্ষমা করেন এবং তাদেরকে তাঁর নিজের পুত্র এবং কন্যা করেন (যোহন ১:১২; ৩:১৬)।

আর সদাপ্রভু ঈশ্বর বিদ্রোহীদের তুলে ফেলে দেবেন, পৌলকে পরজাতীয়দের কাছে সুসমাচার প্রচার করতে হবে। আমাদের সদাপ্রভু প্রত্যেকের পরিত্রাণ করার জন্য চিন্তা করেন যাতে কেউ বিনষ্ট না হয়। ইস্রায়েলীয়রা, তাঁর নিজের লোকেরা মশীহরূপে যীশু খ্রীষ্টকে মানতে অগ্রাহ্য করেছিল এবং বিপথগামী হয়েছিল। তারা তাদের অন্তর কঠিন করেছিল, এইভাবে যেমন দ্রাক্ষাক্ষেত্রে ডুমুর গাছ দেখা গিয়েছিল, সেইভাবে পরজাতীয়দের পরিত্রাণের জন্য পথ উন্মুক্ত হয়েছিল। প্রবেশ করায়, তাদেরকে ফল দেখানো উচিৎ।

## জলপাই গাছ

ইস্রায়েল দেশে জলপাই গাছ খুবই গুরুত্বপূর্ণ ছিল। ইস্রায়েল দেশের প্রত্যেকটি অংশে উৎপাদিত জলপাই এবং দ্রাক্ষা হচ্ছে প্রধান শস্য। জলপাই হচ্ছে একটি বাণিজ্যিক শস্য কারণ এর বীজ থেকে তেল উৎপন্ন হয়। সারা পৃথিবীতে জলপাই তেল খুবই পরিচিত।

আমরা দেখেছি জলপাই হচ্ছে একটি বাণিজ্যিক শস্য। আমরা পবিত্র বাইবেলে একটি ঘটনা দেখেছি। ইস্রায়েলের একজন ভাববাদী কিছু ঋণ রেখে দিয়ে মারা গিয়েছিলেন। তার ঋণদাতা এসেছিল এবং বিধবাকে হয়রান করেছিল ঋণ পরিশোধ করার জন্য অথবা তার দুই পুত্রকে ক্রীতদাস হিসাবে দেওয়ার কথা বলেছিল। কি করতে হবে না জেনে, বিধবা দ্রুত ইলিশা ভাববাদীর কাছে গিয়েছিলেন এবং ঘটনাটির কথা বলেছিলেন। ভাববাদী তাকে বলেছিলেন,"আমি তোমার জন্য কি করতে পারি? দরিদ্র মহিলাটি বলেছিলেন, তাঁর ঘরে এক বয়াম তেল ছাড়া কিছুই নেই। ভাববাদী তাকে বলেছিলেন যতগুলো সম্ভব খালি বয়াম দেনা করো এবং সে তাই করেছিল। ইলীশা তাকে দ্বার রুদ্ধ করতে বলেছিলেন এবং খালি বয়ামগুলিতে তেল ভর্তি করতে বলেছিলেন এবং সেই মহিলা পাত্রগুলিতে তেল ভর্তি করেছিল এবং তার পুত্র তাকে বলেছিল আর কোনও খালি পাত্র নেই! তারপর তেলের স্রোত বন্ধ হয়ে গিয়েছিল। ভাববাদী তাকে তেল বিক্রি করতে এবং তার ঋণ পরিশোধ করতে বলেছিলেন এবং বাকী টাকা দিয়ে নিশ্চিন্তে বাস করতে বলেছিলেন" (২ রাজা ৪:১-৭)। জলপাই তেল তাকে তার ঋণ পরিশোধ করতে সাহায্য করেছিল।

যে ইস্রায়েলীয়রা ত্রাণকর্তাকে প্রত্যাখ্যান করেছিল, তাদের মূল্যে পরজাতীয়দের পরিত্রাণের বিষয়টিকে পৌল, রোমীয় ১১:১৭ পদে সম্পর্কযুক্ত করেছেন। "যদি কতগুলি শাখাপ্রশাখা ভেঙ্গে ফেলা হয়েছে এবং তুমি বন্য জলপাই গাছের শাখা হলেও অন্যদের মধ্যে তোমাকে জোড়-কলমরূপে লাগানো হয়েছে এবং এখন তুমি জলপাই গাছের মূলের পুষ্টিকর রসের অংশীদার হয়েছ" (রোমীয় ১১:১৭)।

পৌল ইস্রায়েলীয়দের মূল্যে পরজাতীয়দের পরিত্রাণের বিষয়টির মধ্যে সম্বন্ধ স্থাপন করেছেন। এর জন্য, জলপাই গাছের কয়েকটি শাখা ভগ্ন হয়েছে এবং এর জায়গায় কয়েকটি বন্য জলপাই গাছ (পরজাতীগণ) কলম করে লাগানো হয়েছে। প্রভু যীশু খ্রীষ্ট বলেছিলেন,"...কারণ ইহুদীদের মধ্যে থেকেই পরিত্রাণ উপলব্ধ হবে" (যোহন ৪:২২)। পৌল বলেছিলেন, "...ইস্রায়েল জাতি আংশিক পরিমাণে কঠোর হয়েছে, যতক্ষণ না অইহুদীরা পূর্ণ সংখ্যায় মণ্ডলীতে প্রবেশলাভ করে" (রোমীয় ১১:২৫)। ইস্রায়েলীয়দের একটি অংশ তাদের অন্তর কঠিন করেছিল এবং ততদিন তারা তাদের অন্তর কঠিন করে রাখবে যতদিন না পরজাতীয়রা পূর্ণ সংখ্যায় না আসবে। সুতরাং, পরিত্রাণ আঁকড়ে ধরার এবং ঈশ্বরের রাজ্যে প্রবেশ করার জন্য নিজেদের উপযুক্তরূপে প্রস্তুত করার জন্য পরজাতীয়দের কাছে এটাই একটি সুযোগ।

ঈশ্বর জগৎ থেকে তাঁর লোকদের আহ্বান করেছিলেন এবং তিনি তাদের বিশেষ উপহার দিয়েছিলেন যা অন্যদের জন্য নয়। সুতরাং, ঈশ্বরের তাঁর লোকদের উদ্দেশে দেওয়া আহ্বান এবং অনুগ্রহ দানগুলি ফিরিয়ে নেওয়া যায় না (রোমীয় ১১:২৯)।

সুতরাং সিয়োন থেকে উদ্ধারকর্তা আসবেন এবং যাকোবের থেকে অবিশ্বাস দূর করবেন।

যীশুর দ্বিতীয় আগমনের সময় আমরা যখন পুনরুত্থিত হবো, তখন ইস্রায়েলীয়দের ঈশ্বরের রাজ্যের অধিকারী হওয়ার জন্য বিশেষ সুযোগ দেওয়া হবে। মণ্ডলী যখন উর্দ্ধে নীত হবে, তখন চারজন স্বর্গদূতকে পৃথিবীর চারদিকের বাতাসকে ধরে থাকতে দেখা যাবে যাতে বাতাস পৃথিবীর উপর, সমুদ্রের উপর, অথবা কোনও গাছের উপর প্রবাহিত না হয়। আরেক জন স্বর্গদূতের কাছে জীবন্ত ঈশ্বরের সীলমোহর ছিল, তারা চারজন স্বর্গদূতের উদ্দেশে উচ্চস্বরে বলেছিলেন, "যতক্ষণ না আমরা ঈশ্বরের দাসদের কপাল মুদ্রাঙ্কিত না করি ততক্ষণ পৃথিবীর, সমুদ্রের, অথবা বৃক্ষগুলির কোনও অনিষ্ট করো না"। সেই মুদ্রাঙ্কিতদের সংখ্যা হচ্ছে ১,৪৪,০০০, প্রতিগোষ্ঠী থেকে ১২,০০০ জন করে। এখানে দানগোষ্ঠীর নাম নেই এবং এর পরিবর্তে মনঃশি গোষ্ঠীর নাম এসে ১২টি গোষ্ঠী সম্পূর্ণ করা হয়েছে। এই মুদ্রাঙ্কিত ব্যক্তিরা প্রথম সাড়ে তিন বছরের মহাযাতনার কালে নীত হবে যখন খ্রীষ্টারীরা এই পৃথিবীকে শাসন করবে।

এই ১,৪৪,০০০ ব্যক্তি প্রভু যীশু খ্রীষ্টের বিশেষ লোক যেহেতু তারা মহিলাদের সঙ্গে কলুষিত হয়নি, যার অর্থ হচ্ছে; তারা প্রকাশিত বাক্য ১৭ অধ্যায়ে বর্ণিত মহাবেশ্যার প্রতিমার আরাধনা করার দ্বারা নিজেদের দূষিত করেনি। তারা সিংহাসনের সম্মুখে নতুন গীত গাইবে এবং যারা পৃথিবী থেকে উদ্ধার লাভ করেছে সেই ১,৪৪,০০০ লোকেরা ছাড়া আর কেউ সেই গান শিখতে পারবে না। তারা স্ত্রীলোকদের দ্বারা নিজেদের কলুষিত করেনি এবং তিনি যেখানে গিয়েছিলেন সেখানেই তারা মেষশাবককে অনুসরণ করেছিল। মণ্ডলী আকাশে নীত হওয়ার পর তারাই হচ্ছে প্রথম লোকদের দল!

১,৪৪,০০০ ব্যক্তিরা যীশুর দ্বিতীয় আগমনের সময় পুনরুত্থানের বিষয়টি থেকে পরিত্যক্ত হয়েছিল কারণ তারা শুদ্ধতা এবং উৎসর্গের দিক থেকে মানদণ্ডে পৌঁছাতে পারেনি। কিন্তু তারা ঈশ্বরের বাক্যে এবং তাঁর বিধিগুলির বিষয়ে স্থির ছিল এবং প্রতিমার আরাধনার দ্বারা তারা নিজেদের মলিন করেনি। সুতরাং, ঈশ্বর তাদের প্রতি বিশেষ নজর দিয়েছিলেন।

## পরিত্রাণের জন্য যিহূদার শেষ সুযোগ

সদাপ্রভু এখনও যিহূদার অবশিষ্ট লোকদের কথা মনে রেখেছেন যারা যীশুর দ্বিতীয় আগমনের সময়ে পুনরুত্থানে এবং ১,৪৪,০০০ বিশেষ মনোনীত লোকদের সাপেক্ষে পরিত্যক্ত হয়েছিল । ঈশ্বরের বাক্যে বলা হয়েছে, "কারণ ঈশ্বরের অনুগ্রহ-দানসকল ও তাঁর আহ্বান অনড়" (রোমীয় ১১:২৯)।

তারা মশীহকে প্রত্যাখ্যান করলেও ঈশ্বর বিশ্বস্ত ছিলেন: বাইবেলে বলা হয়েছে :

"আর দাউদ কুল ও জেরুশালেমের বাসিন্দাদের উপরে আমি অনুগ্রহের ও বিনতির আত্মা ঢেলে দেব। তাতে তারা আমার প্রতি, অর্থাৎ তারা যাঁকে বিদ্ধ করেছে, তাঁর দিকে তাকিয়ে দেখবে, এবং একমাত্র সন্তানের জন্য বিলাপ করার মতো করে তারা তাঁর জন্য বিলাপ করবে এবং প্রথম সন্তানের জন্য যেমন শোক করে তেমনি ভীষণভাবে শোক করবে" (সখরিয় ১২:১০)।

ইহুদীরা মশীহকে প্রত্যাখ্যান এবং অসমর্থন করলেও, ঈশ্বর যিহূদার উপর অনুগ্রহের আত্মা ঢেলে দেওয়ার বিষয় প্রীত হয়েছিলেন এবং তারা তাদের অন্যায় কাজের জন্য বিলাপ করেছিল। যাইহোক, সদাপ্রভু বলেছিলেন যে তিনি শেষের দিনগুলিতে সমস্ত দেশের দুই-তৃতীয়াংশকে আঘাত করে ধ্বংস করবেন; (সম্ভবতঃ দ্বিতীয় সাড়ে তিন বছরের খ্রীষ্টারীর শাসনে এটা ঘটবে) এবং তবুও এক-তৃতীয়াংশ অগ্নির মাধ্যমে বেঁচে থাকবে, যার অর্থ হচ্ছে ভয়ঙ্কর পরীক্ষার দ্বারা তারা বেঁচে থাকবে (সখরিয় ১৩:৮,৯)।

*....Contd. to page 9*


## Echo of His Call Postal Courses

### 1. BIBLECOR

We offer Postal Course on Basic Truths of The Bible to new Christians and non-Christians in English – 57 pages, Hindi – 76 pages & Tamil – 96 pages. You will get a course book entitled **New Life – For You!** **After the completion of this course, you will get a certificate. There will be no compulsory fees. You will be blessed!**

### 2. THEOLOGICAL CORRESPONDENCE COURSE

Advanced Distance Education called **Theological Correspondence Course** is available in English – 537 pages and Tamil – 652 pages for Pastors, Evangelists, Christian Leaders and for lay people who have passion to do God's Ministry! A fee of Rs. 1000/- is charged. 7 Books with 149 Chapters are supplied. **Certificate in Ministry** will be awarded. **God will bless you!**

***For more details, write to us.***



**The Chairman, Nehemiah Bible College,**
Echo of His Call, **Post Box 2957**
CHEPAUK, CHENNAI - 600 005.
**Ph.: (044) 2852 8282, 2852 9293, 2854 7766,**
**Cell : 98410 71852, 95661 31858**
**E.mail : biblecor@yahoo.co.in**



## TAX EXEMPTION

Donations by any individual or organization from India to **Echo of His Call Educational Trust** are eligible for Income Tax exemption under Section 80G of the Income Tax Act. Official receipts will be issued for this purpose. Please make your Demand Drafts / Cheques / M.O. for such donations in favour of **Echo of His Call Educational Trust** and send to us.

| | | |
|---|---|---|
| **Account Name** | : | **ECHO OF HIS CALL EDUCATIONAL TRUST** |
| **Account Number** | : | **1023 2923 805** |
| **Bank Name** | : | **STATE BANK OF INDIA** |
| **Branch** | : | **TRIPLICANE, CHENNAI - 600 005** |
| **IFSC Code** | : | **SBIN 0000249** |
| **SWIFT Code** | : | **SBI NIN BB 455** |



# পাতাল থেকে রাজপ্রাসাদ
# PIT TO PALACE

(পাস্টর এস. স্যাম সেলভা রাজের জীবনের অভিজ্ঞতাসমূহ)

"... যে জন পাঠ করে সে বুঝুক (মথি ২৪:১৫)

## কিভাবে আমি বড় হয়েছিলাম

আমি ১৯৪৯ সালের ৩রা জুন জন্মগ্রহণ করেছিলাম। যেহেতু আমি আমার পরিবারের প্রথম পুরুষ সন্তান ছিলাম, আমার বাবা মা, আমার ঠাকুর্দা ঠাকুমা এবং পরিবারের অন্যরা চেয়েছিল আমি যেন খ্রীষ্টান যাজক হই। সুতরাং তারা আমাকে প্রার্থনার মধ্যে এবং বাইবেলের জ্ঞানে লালন পালন করেছিল।



আমাকে চাচের সাণ্ডে স্কুলে ভাত করা হয়োছল। ধানক্ষেতের মধ্যে আমাদের চার্চ ছিল এবং চার্চে যাবার জন্য উপযুক্ত কোন রাস্তা ছিল না। সেই কারণে আমার মামা আমাকে রবিবার এবং অন্য দিনেও কাঁধে করে চার্চে নিয়ে যেতেন। আমার মা এবং আমার মাসি সর্বদা আমার পাশে থাকতেন।

আমার শৈশবকালে আমার সাণ্ডে স্কুলের শিক্ষক শিক্ষিকা, রেভারেণ্ড ইলিয়াস, বেবি, ডেইজী, সিস্টার রেতনাম, জ্ঞানাসিলবাম আণ্টি এবং গ্রেস আমাকে প্রভু যীশু খ্রীষ্টের কাছে নিয়ে এসেছিলেন। আমি গড় শিশুদের মতো এবং অসুস্থ ছিলাম। সেই কারণে আমার শিক্ষক শিক্ষিকারা আমাকে খুব ভালোবাসতেন।

আমার মা মনেপ্রাণে বিশ্বাস করতেন যে তিনি ঈশ্বরের এক দাসকে গড়ে তুলছিলেন। ঈশ্বরের পরিচর্যারূপে তিনি আমার প্রতি তাঁর অতিরিক্ত যত্নের বিষয়টিকে বিবেচনা করেছিলেন এবং সেই কারণে তিনি আমাদের চার্চে অনুষ্ঠিত সকালে, দুপুরে এবং সন্ধ্যাকালের সভাগুলিতে আমার অংশগ্রহণের বিষয়টিকে নিশ্চিত করেছিলেন।

আমার মা আমাকে পাশে নিয়ে বসতেন, গান গাইতে এবং মনোযোগ দিয়ে ঈশ্বরের বাক্য শুনতে আমাকে উৎসাহিত করতেন। সেই দিনগুলিতে রেভারেণ্ড আই.আর.এইচ. জ্ঞানাদাসন ছিলেন নেউর প্রধান মণ্ডলীর প্রধান চার্চ। তিনি আমাকে উৎসর্গ করেছিলেন এবং আমার নাম দিয়েছিলেন স্যাম সেলভা রাজ (খ্রীষ্টধর্মে দীক্ষিত হওয়ার চিহ্নস্বরূপ নতুন নামকরণ)। তিনি এই বলে আমাকে আশীর্ব্বাদ করেছিলেন," এই শিশুটি শমূয়েলের মতো বড় হবে। সে একজন ধনী ব্যক্তি হবে এবং ঈশ্বরের একজন অগ্রগামী দাস হবে।"

ঐ দিনগুলিতে, আমি এবং আমার মা বড়দিনে খুব খুশী হতাম। শিশুরা বাইবেলের পদ মুখস্থ করতো, আবৃত্তি করতো এবং প্রতি বছর পুরস্কার পেতো। ১৯৫২ সালে আমি চার্চে যে পদটি মুখস্থ করেছিলাম তা আমার মনে আছে: "হঠাৎই বিশাল এক স্বর্গীয় দূতবাহিনী ওই দূতের সঙ্গে সম্মিলিত হয়ে ঈশ্বরের বন্দনা করে বলতে লাগলেন..." (লূক ২:১৩)।

১৯৫৬ সাল, আমার যখন ৭ বছর বয়েস, আমাদের পালক, শ্রদ্ধেয় দেবাদাস মহাশয়ের ঈশ্বরের বাক্য প্রচার শুনছিলাম। সেই সময় পবিত্র আত্মা শক্তিপূর্ণভাবে আমার কাছে নিজেকে প্রকাশ করেছিলেন। আমি স্পষ্টভাবে প্রভুর বাণী শুনেছিলাম যে ঈশ্বর আমাকে ভালোবাসেন। যেহেতু আমার উপর শক্তিশালী প্রভাব পড়েছিল, আমি উচ্চরবে কাঁদতে শুরু করেছিলাম। আমি আমার মধ্যে পবিত্র আত্মা আসার স্পষ্ট উপস্থিতি অনুভব করেছিলাম। আমার মা সূক্ষ্মভাবে আমাকে পর্যবেক্ষণ করছিলেন।

## প্রভু ছোট শিশুদের ভালোবাসেন

উপাসনা শেষ হয়ে যাবার পর, আমি মাকে জিজ্ঞাসা করেছিলাম,"মা, পাস্টর কি স্বর্গে গিয়েছিলেন এবং যীশুকে দেখেছিলেন!" তারপর সঙ্গে সঙ্গে আমি বলেছিলাম, "আমিও স্বর্গে যেতে চাই। আমি সেখানে যীশুকে দেখতে চাই। মা এটা কি সম্ভব? "তুমি যখন এই পৃথিবীতে বাস করছো তখন তুমি যদি তাঁকে বিশ্বাস করো এবং তোমার হৃদয়ে যীশুকে গ্রহণ করো, তাহলে তোমার ইচ্ছা নিশ্চিয় পূর্ণ হবে," আমার মা বলেছিলেন।

এইভাবে, আমার মা প্রভু যীশুকে আমার হৃদয়ে ত্রাণকর্তারূপে গ্রহণ করতে আমাকে সাহায্য করেছিলেন। সেই দিন থেকে আজ পর্যন্ত, আমি আমার মধ্যে একটি ভিন্ন আত্মাকে কাজ করার বিষয় অনুভব করতে পারি এবং আমি সর্বদা ঈশ্বরের উপস্থিতি অনুভব করি।

আমি কুন্নাতুভিলাইয়ে সরকারী প্রাথমিক বিদ্যালয়ে প্রথম শ্রেণীতে আমার প্রথম ভাষা তামিল মাধ্যমে ভর্তি হয়েছিলাম। আমার ঠাকুমা আমাকে প্রতিদিন বিদ্যালয়ে নিয়ে যেতেন এবং নিরাপদে ঘরে ফিরিয়ে আনতেন। বিদ্যালয়ের উদ্দেশে ঘর থেকে বের হওয়ার সময় আমার মা প্রতিদিন আমার মাথায় হাত রেখে প্রার্থনা করতেন: "প্রিয় ঈশ্বর, আমার পুত্র আজ বিদ্যালয়ে যা কিছু শিখবে, তা যেন ভবিষ্যতে তোমার রাজ্য বিস্তারে সহায়ক হয়।"

আমার স্কুলের শিক্ষক শিক্ষিকারাও বিশ্বাস করতেন যে আমি ভবিষ্যতে ঈশ্বরের দাস হবো। সুতরাং, তারা আমাকে সব থেকে ভালো শিক্ষা দিয়েছিলেন। কিন্তু সেই সময় আমি দুষ্টু ছিলাম। পঞ্চম শ্রেণী পর্যন্ত সেই সময় গ্রামের বিদ্যালয়ে ইংরাজী শিক্ষা দেওয়া হতো না।

১৯৫৭ সালে, আমাদের চার্চের সাণ্ডেস্কুলের প্রধান শিক্ষিকা, সিস্টার রেতনা আমাকে বলেছিলেন

যে বাইবেলের পদ আবৃত্তি করার প্রতিযোগিতায় আমার নাম অন্তর্ভুক্ত করা হয়নি। তিনি বলেছিলেন, "যদি ঈশ্বরের ইচ্ছা হয় তুমি পরের বছর সুযোগ পাবে।"

আমি ভগ্ন হৃদয়ে কাঁদতে কাঁদতে মাকে বিষয়টি বলেছিলাম। আমার মা আমাকে পরামর্শ দিয়ে বলেছিলেন, "আগামী বৃহস্পতিবার, শুক্রবার এবং শনিবার রাতে উপোস করো এবং ঈশ্বরের সামনে জানুপাত করো এবং তুমি এখন আমাকে যা বললে তা আমাদের পিতা যীশুর কাছে বলো। এছাড়াও তিনি আমাকে দুটি গান শিখিয়েছিলেন:

১। ***"যে শিশু ঈশ্বরকে ভালোবাসে সে কষ্টের সময় ভয় পায় না,***
***ঠিক যেভাবে একটি খাঁচার মধ্যে একটি পাখী সুরক্ষিত হয়,***
***যীশু তোমাকে তাঁর সেবার জন্য সুরক্ষা করবেন...।"***

২। ***"আমার প্রিয় আমার প্রাণের পালক!***
***আমার অন্তরের আনন্দ!***
***তোমার আরও কাছে আসার জন্য,***
***আমি প্রবল আগ্রহে তোমার কাছে অগ্রসর হই।***

**সমবেত**

*কথা বলো, কথা বলো যখন আমি প্রার্থনা করি!*
*১। যারা প্রকৃত উদ্ধার কর্তার বাধ্য*
*তাদের প্রাণের জন্য সান্ত্বনার স্থান আছে*
*এই স্থানে আমিও থাকতে চাই*
*আমার ভালোবাসা, আমার প্রার্থনা শোনো।*

***- কথা বলো***

***২। পাপীদের প্রতি তোমার ভালোবাসা***
***আমার আচরণের মাধ্যমে আমি যেন প্রকাশ করতে পারি***
***কালভেরীর আত্মার দ্বারা আমাকে অভিষিক্ত করো। যাতে আমি যুদ্ধে জয়ী হতে পারি।***

***- কথা বলো***

***৩। আমার জীবনের সমস্ত দিনগুলি***
***তোমার চলার পথে আমি চলবো***
***হে উদ্ধার কর্তা, আমি সেচ্ছায় আমার সমস্ত কিছু দেব, আমাকে তোমার ক্ষমতা দাও।"***

***- কথা বলো***

আমি ঐ তিনদিন গানগুলি অবিরত গেয়েছিলাম এবং চোখের জলে যীশুর কাছে প্রার্থনা করেছিলাম যে আমি যেন বড়দিনের দিন চার্চে একটা পদ আবৃত্তি করার সুযোগ পাই।

প্রথমবারের জন্য, সদাপ্রভু ঈশ্বর আমার প্রার্থনার উত্তর দিয়েছিলেন। যেহেতু সেদিন আমার পরিবার অনেক আগেই ঐ রবিবার সকালে চার্চে গিয়েছিল, আমাদের পালকের সঙ্গে রাস্তায় দেখা হয়েছিল। সেই সময় তিনি হঠাৎ আমার দিকে তাকিয়েছিলেন এবং জিজ্ঞাসা করেছিলেন,"এই বড়দিনে তোমাকে আবৃত্তি করার জন্য কোন্ পদটি দেওয়া হয়েছে?" আমার মা বলেছিলেন,"কোনও পদ দেওয়া হয়নি।"

পালক আমাকে বলেছিলেন, "অন্য বাচ্চারা কেবল একটা করে পদ বলবে। কিন্তু তোমাকে অবশ্যই উপাসনা সভায় ২৩ সংখ্যার গীতটি সম্পূর্ণ বলতে হবে এবং কোনও ভুল না করে বলতে হবে।

আমি ২৩ সংখ্যার গীতটি সম্পূর্ণ মুখস্থ করেছিলাম এবং উপাসনা সভায় কোনও ভুল না করে আমি আবৃত্তি করেছিলাম। সুতরাং, তারা আমাকে প্রথম পুরস্কারের জন্য মনোনীত করেছিলেন এবং আমাকে



একটা সুন্দর সাবানের বাক্স দিয়েছিলেন। এই ঘটনাটি যীশুর প্রতি আমার মধ্যে মহা আনন্দ এবং সাহস সৃষ্টি করেছিল। আমার মধ্যে প্রার্থনার বিষয়ে অনেক বিশ্বাস তৈরী হয়েছিল।

"তুমি আমাকে আহ্বান করো, আমি তোমাকে উত্তর দেব। আমি তোমাকে সেই সমস্ত মহৎ ও অনুসন্ধান করা যায় না, এমন সব বিষয় জানাব, যা তুমি জানো না" (যিরমিয় ৩৩:৩) পদটি আমার পথপ্রদর্শক স্তম্ভে পরিণত হয়েছিল। ঐ দিন থেকে প্রার্থনায় আমার সঙ্গে ঈশ্বরের সম্পর্ক শুরু হয়েছিল।

************

*....Contd. from page 7*

ইহুদী অথবা অইহুদী লোকেরা সৌভাগ্যবান হবে যদি তারা যীশুর আগমনের সময় পুনরুত্থিত হয়ে তাঁর কাছে নীত হয়। উর্দ্ধে নীত হওয়ার পর কেবল ইহুদীদের ঈশ্বরের রাজ্যে প্রবেশ করার সুযোগ প্রদত্ত হবে, অর্থাৎ তাদেরকে এই সুযোগটিকে আঁকড়ে ধরতে হবে এবং কঠিন পরীক্ষার মধ্যে দিয়ে যেতে হবে! সুতরাং, আজকেই পরিত্রাণের দিন এবং প্রভু যীশু খ্রীষ্টকে সাগ্রহে গ্রহণ করার এটাই সঠিক সময় এবং উর্দ্ধে নীত হওয়ার জন্য পুনরুত্থিত হওয়ার নিশ্চিত সুযোগ লাভ করার জন্য তাঁর নিজের সন্তানের মতো জীবন যাপন করতে হবে।

ইস্রায়েলীয়দের জীবনে আঙ্গুর গাছ অত্যন্ত গুরুত্বপূর্ণ। এটি হচ্ছে একটি শ্রমিক বৃদ্ধিকারী শিল্প। বিপুল সংখ্যক লোক এর সঙ্গে যুক্ত। দ্রাক্ষারস ব্যাপকভাবে বিবাহ বাড়ীগুলিতে এবং অন্যান্য ঘরোয়া বিষয়ে ব্যবহার করা হতো।

ডুমুর গাছ হচ্ছে একটি উচ্চ বর্দ্ধনশীল গাছ, সব দিকে এটি তার ডালপালা বিস্তার করে। ইস্রায়েলে ব্যাপকভাবে এই গাছ উৎপন্ন হয়। এটি ভারতেও উৎপন্ন হয়। এটি প্রধান খাদ্যরূপে এবং ওষুধ সংক্রান্ত ফসল হিসাবে ব্যবহৃত হয়। এটি বিভিন্ন ঋতুতে ফল দেয়। একদিন যীশু এবং তাঁর শিষ্যরা বেথেনীতে গিয়েছিলেন। যীশু ক্ষুধার্ত হয়েছিলেন। তিনি একটি পাতা ভর্তি ডুমুর গাছ দেখেছিলেন। যীশু ফলের অন্বেষণ করেছিলেন, কিন্তু সেখানে কোনও ফল ছিল না। যীশু সেই ডুমুর গাছটিকে অভিশাপ দিয়েছিলেন যে " কেউ কোনও দিন এর ফল খাবে না" (মার্ক ১১:১২-১৪)।

'দ্রাক্ষাক্ষেত্রে ডুমুর গাছ' ইহুদীদের সঙ্গে পরজাতীয়দের রাখার প্রতীক। ইহুদীদের থেকেই পরিত্রাণ; ঈশ্বর তাঁর অনুগ্রহের প্রাচুর্যে, পরজাতীয়দেরও পরিত্রাণে অন্তর্ভুক্ত করেছেন। পরজাতীয়দের উচিৎ এই সুযোগ গ্রহণ করা এবং ফল দেওয়া যাতে তাদের অগ্নিতে নিক্ষেপ না করা হয়।

জলপাই হচ্ছে বাণিজ্যিক ফসল। এটিও ইস্রায়েলে প্রচুররূপে উৎপন্ন হয়। এটি এর তেলের জন্য বিখ্যাত। এটি রান্না, আলো জ্বালানো এবং অন্যান্য ওষুধের উদ্দেশ্যে ব্যবহার করা হয়। এটি যদি অবিরত মুখে প্রয়োগ করা হয়, তাহলে মুখ উদ্ভাসিত হয়ে ওঠে!

RNI NO. 70104/98, Postal Regn. No. TN/CH/(C)/205/21-23 WPP NO. TN/PMG(CCR)/WPP-264/21-23

"সুরা যা মানুষের হৃদয়কে উৎফুল্ল করে, তেল যা তাদের মুখমণ্ডল উজ্জ্বল করে, এবং খাবার বা রুটি (গম এবং ডুমুর গাছ থেকে) যা মানুষের জীবন বাঁচিয়ে রাখে" (গীত ১০৪:১৫)।

আসুন আমরা দ্রাক্ষা, ডুমুর এবং জলপাইয়ের মতো আমাদের দেশের জন্য যেন উপযোগী হতে পারি এবং এর থেকেও অধিক বিষয় হচ্ছে আমরা যেন আমাদের উদ্ধারকর্তা এবং ত্রাণকর্তা যীশু খ্রীষ্টের প্রতিও উপযোগী হতে পারি! হাল্লেলুইয়া!

************

## OUR BANK DETAILS:

### *1. Bank : State Bank of India*

Branch : **Triplicane, Chennai-5**
Name : **S. Sam Selva Raj**
A/C No. : **1023 2934 679**
IFSC : **SBIN 00 00 249**
SWIFT CODE : **SBI NIN BB 455**

### *2. Bank : ICICI Bank*

Branch : **Anna Salai, Chennai-6**
Name : **Echo of His Call**
A/C No. : **6038 0502 2319**
IFSC : **ICIC 000 6038**

### *3. Bank : State Bank of India*

**(This Account is for Tax Exemption for Indians only )**

Branch : **Triplicane, Chennai-5**
Name : **Echo of His Call Educational Trust**
A/C No. : **1023 2923 805**
IFSC : **SBIN 00 00 249**

**Google Pay: 98410 71858**
**PayPal : SAM SELVA RAJ**
*****
E.mail : sam@echoofhiscall.org

# আহ্বানের প্রতিধ্বনি

১৬টি ভাষায় প্রকাশিত মাসিক পত্রিকা, বাইবেল কলেজসমূহ, ডাকযোগে পাঠক্রমগুলি, মণ্ডলী স্থাপন, গ্রামীণ ইংরাজী উচ্চবিদ্যালয়, গসপেল প্রিন্টিং প্রেস, ক্রুশেড, সেমিনার, সামাজিক পরিষেবা, ইত্যাদি।

**বাৎসরিক গ্রাহক মূল্য :** ১০০ টাকা **আজীবন গ্রাহক মূল্য :** ২,০০০ টাকা

আপনাদের মতো ঈশ্বরের সন্তানদের স্বেচ্ছাদত্ত অনুদানের মাধ্যমে আমাদের **আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যাগুলির** এই বহুমুখী কার্যকলাপগুলি পরিচালিত হচ্ছে। ঈশ্বর যেভাবে আপনাকে পরিচালিত করবেন সেইভাবে আপনিও **আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাকে** এবং এর কার্যকলাপগুলিকে সাহায্য করতে পারেন। সুসমাচার অপ্রসারিত এলাকাগুলিতে লোকদের কাছে সুসমাচার পাঠাতে এবং মণ্ডলী স্থাপন করার জন্য আমাদের প্রয়োজন আপনাদের সহৃদয় সাহায্য।

আপনি যদি নিয়মিত আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি পেতে চান, অনুগ্রহ করে আমাদের লিখুন। আপনি যখনই আপনার ঠিকানা অথবা ই-মেইল পরিবর্তন করবেন তখনই অনুগ্রহ করে আপনার পুরাতন এবং নতুন ঠিকানা পাঠিয়ে দেবেন।

তাঁর **আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি** ১৬টি ভাষায় আমাদের ওয়েবসাইটেও পাওয়া যায়। আপনি আমাদের ওয়েবসাইটে গিয়ে পত্রিকাগুলি পাঠ করতে পারেন এবং ডাউনলোড করতে পারেন এবং আশীর্বাদ লাভ করতে পারেন।

আপনার পত্রগুলি, প্রার্থনার অনুরোধগুলি এবং আপনার আর্থিক সাহায্যগুলি (মানি অর্ডার, চেক অথবা ডিমাণ্ড ড্রাফটগুলি, এনইএফটি, পেপাল (Sam Selva Raj, sam@echoofhiscall.org) ফোনপে ( 98410 71858 ), জিপে ( 98410 71858 ), ওয়েস্টার্ন ইউনিয়ন, আহ্বানের প্রতিধ্বনির নামে মানিগ্রাম অনুগ্রহ করে নীচের ঠিকানায় পাঠিয়ে দিতে পারেন।

অনুগ্রহ করে আপনার ল্যাণ্ড ফোন/মোবাইল ফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা পাঠিয়ে দিন যাতে আমরা আধুনিকীকরণ করতে পারি।

Our address :


## ECHO OF HIS CALL

10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK,
CHENNAI - 600 005, INDIA
PH: (+91-44) 2852 8282, 2852 9293, 2854 7766, Cell: (+91) 98410 71852,
95661 31858 / E.mails: sam@echoofhiscall.org / biblecor@yahoo.co.in
Websites: www.echoofhiscall.org / www.stpaulsmatriculation.com


**YOU CAN SEND YOUR DONATIONS BY ONLINE ALSO**

RNI NO. 70104/98
**Postal Regn. No. TN/CH/(C)/205/21-23**
**WPP NO. TN/PMG(CCR) / WPP- 264/21-23**
**Date of Publication: Second week of every month**
**Date of Posting : 13th & 14th of every month**
**Posted at "Egmore RMS / 1 Patrika Channel"**
**on 14th** MARCH 2022
**If un-delivered please return to:**
**ECHO OF HIS CALL (BENGALI)**
**P.O. Box No. 2957,**
**Chepauk, Chennai - 600 005, INDIA.**
**Phone: (+ 91- 44) 2852 8282, 2852 9293, 2854 7766**

***JESUS LOVES YOU!***

**To**

*GOD BLESS YOU!*

Owned and published by **S. Sam Selva Raj** from New No. 8 & 10, Old No. 18 & 19, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005 and printed by him at **Echo of His Call Printers**, New No. 8 & 10, Old No. 18 & 19, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005. Editor: **S. Sam Selva Raj.**